

ঢাবিতে স্ট্রাইকিং ফোর্স মোতায়েনের সিদ্ধান্ত, চলবে অভিযানও

অনলাইন ডেক্স

১৮ জুন ২০২৫, ০৯:২৩ পিএম



ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ক্যাম্পাসে নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করতে এবং আসন্ন ডাকসু নির্বাচনকে কেন্দ্র করে ক্যাম্পাসে স্ট্রাইকিং ফোর্স মোতায়েন, তল্লাশি অভিযান, ভবস্থুরে উচ্ছেদসহ নানা উদ্যোগ নেওয়া হয়েছে। আজ মঙ্গলবার উপাচার্যের সভাকক্ষে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সভাপতিত্বে অনুষ্ঠিত এক জরুরি নিরাপত্তা সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়।

সভায়চ গৃহীত সিদ্ধান্তগুলো হলো বিশ্ববিদ্যালয় এলাকায় সার্বক্ষণিক নিরাপত্তা নিশ্চিত করতে স্ট্রাইকিং ফোর্স মোতায়েন থাকবে; সন্ধ্যা ৬টা থেকে সকাল ৮টা পর্যন্ত ক্যাম্পাসের ছয়টি প্রধান গেটে তল্লাশি অভিযান চালানো হবে; এই তল্লাশিতে অংশ নেবে আনসার, সশস্ত্র পুলিশ ও প্রটেরিয়াল টিম; ভবস্থুরে উচ্চেদে নিয়মিত অভিযান চালাবে পুলিশ ও প্রটেরিয়াল দল, পুর্বাসনে সহায়তা চাওয়া হবে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের; ক্যাম্পাসের চারপাশে সেনা টহল বৃন্দির বিষয়ে সেনাবাহিনীকে চিঠি দেওয়া হবে।

সিদ্ধান্তের মধ্যে রয়েছে ছাত্রসংগঠনগুলোর সঙ্গে ধারাবাহিকভাবে বৈঠক করে নিরাপত্তা নিয়ে আলোচনা হবে; ক্যাম্পাসে সিসিটিভি ক্যামেরা বৃন্দি ও নষ্ট ক্যামেরা সংস্কার করা হবে; এবং রাতের আলোকসজ্জা ও জোরদার করা হবে।

সভায় বিশ্ববিদ্যালয়ের শীর্ষ প্রশাসনিক কর্মকর্তাদের পাশাপাশি আইনশৃঙ্খলা রক্ষাকারী সংস্থার উৎ্তর্তন কর্মকর্তারাও উপস্থিত ছিলেন।